

কর্মী বিদেশে প্রেরণ করতে পারলে অধিক রেমিটেন্স ও নিরাপদ কর্মসংস্থান নিশ্চিত করা সম্ভব।

প্রেসরিলিজ

সিলেট, ৪ জুলাই ২০১৯

আজ বিকাল ৩ টায় সিলেট জেলা পরিষদ মিলনায়তনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও জেলা প্রশাসন আয়োজিত "বৈদেশিক কর্মসংস্থানে দক্ষতা ও সচেতনতা" শীর্ষক এক সেমিনারে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, দক্ষ কর্মী বিদেশে প্রেরণ করতে পারলে অধিক রেমিটেন্স ও নিরাপদ কর্মসংস্থান নিশ্চিত করা সম্ভব। সরকার দক্ষ কর্মী প্রেরণে নানা কর্মসূচি গ্রহণ করেছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বলেন, সচেতনতার অভাবেই নানারকম হয়রানির ঘটনা ঘটছে। বিদেশে গমনেচ্ছুদের কর্মীদের সচেতন করতেই এই কর্মসূচী সারাদেশে চলছে। এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত প্রয়োজন।

প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, প্রবাসীদের বৈধ ভাবে রেমিটেন্স প্রদানে প্রণোদনা দেওয়া হচ্ছে। সরকার প্রবাসীদের নানা সুযোগ সুবিধা বৃদ্ধির উদ্যোগ নিয়েছে।

সিলেট-৩ আসনের এমপি মাহমুদুস সামাদ চৌধুরী বলেন, মন্ত্রণালয়ের উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। পাশাপাশি জনগনেরও যথাযথ ভূমিকা পালন করতে হবে।

সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিলেট-৩ আসনের এমপি মাহমুদুস সামাদ চৌধুরী। এতে সেমিনারের বিষয়বস্তু নিয়ে পাওয়ার পয়েন্ট প্রজেন্টেশন দেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব শহীদুল আলম এনডিসি। এছাড়াও এতে বক্তব্য রাখেন সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক, সিলেট বিভাগীয় কমিশনার তাহমিনুল ইসলাম, সিলেট মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার পরিতোষ ঘোষ প্রমুখ।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

০১৭১২৩৮০৪৩৫.

